# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০২৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (১১) মৃত ব্যক্তিকে বহন করা এবং তার কথা প্রসঙ্গে বর্ণনা

## 11 ـ فَصْلٌ فِي حَمْلِ الْجَنَازَةِ وَقَوْلِهَا

আরবী

3028 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ زُغْبَةَ قَالَ: أَخْبَرَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ أَبِيهِ أَنَّهُ سَمِعَ أَبَا سَعِيدٍ الْخُدْرِيَّ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (إذا وُضِعَتِ الْجَنَازَةُ وَاحْتَمَلَهَا الرِّجَالُ عَلَى أَعْنَاقِهِمْ فَإِنْ كَانَتْ صَالِحَةً قَالَتْ: قَدِّمُونِي وَإِنْ كَانَتْ غَيْرَ صَالِحَةٍ قَالَتْ: يَا وَيْلَهَا أَيْنَ يَذْهَبُونَ بِهَا يَسْمَعُ صَوْتَهَا كُلُّ شَيْءٍ إِلَّا الْإِنْسَانَ وَلَوْ سَمِعَهَا الإنسان لَصَعِقَ)
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3028 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (444): خ.

বাংলা

৩০২৮. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন জানাযা রাখা হয় এবং লোকজন তাকে কাঁধে উঠায়, তবে যদি সে ব্যক্তি সৎ হয়ে থাকে, তখন সে বলে, “তোমরা আমাকে সামনে নিয়ে চলো।” আর যদি সে সৎ না হয়ে থাকে, তখন সে বলে, হায় দুর্ভোগ! ওরা আমাকে কোথায় নিয়ে যাচ্ছে!” মানুষ ছাড়া সবাই তার কথা শুনতে পায়। যদি মানুষ তা শুনতে পেতো, তবে তারা জ্ঞান হারিয়ে ফেলতো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪১; সহীহুল বুখারী: ১৩১৪; নাসাঈ: ৪/৪১; সুনান বাইহাকী: ৪/২১; বাগাবী: ১৪৮২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬২৫০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৪৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন